# স্টল ফিডিং পদ্ধতিতে ছাগল ও ভেড়া পালনে "সাশ্রয়ী কমপ্লিট প্যালেট ফিড" এর ব্যবহার






ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা প্রকল্প

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

ওয়েবসাইট : www.blri.gov.bd

## ভূমিকা

জলবায়ু ও আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনের সাথে সাথে বর্তমানে ছাগল ও ভেড়া চারণের খুব কম সুযোগ রয়েছে, যার ফলস্বরূপ নিম্ন উৎপাদনশীলতা এবং প্রাণীর প্রজনন ব্যহত হয়। সম্পূর্ণ প্যালেট ফিড বাণিজ্যিক ভিত্তিতে ভেড়া এবং ছাগল পালনের জন্য স্টল-ফিডিং পদ্ধতির বিকাশ করতে এবং পাশাপাশি পুরো প্যালেট ফিডের বাণিজ্যিক উৎপাদনের জন্য ফিড উৎপাদনকারী উদ্যোক্তাদের সহায়তা করতে পারে। খাদ্য ব্যবস্থাপনার এই পদ্ধতিটি সুষম পুষ্টির সরবরাহ নিশ্চিত করে, খাদ্য অপচয় হ্রাস করে, খাদ্য খরচ কমায় এবং নিম্নমানের কৃষি উপজাত গুলোকেও সুস্বাদু এবং উচ্চ পুষ্টিকর ফিডে রূপান্তর করে সর্বাধিক উৎপাদন নিশ্চিত করে।

## কমপ্লিট প্যালেট ফিড কি

ছাগল ও ভেড়া পালনে ঘাস জাতীয় (আঁশ) ও দানাদার খাবার প্রয়োজন। কমপ্লিট প্যালেট ফিড একটি পূর্ণাঙ্গ খাবার যা ঘাস (খড়) ও দানাদার খাবারের মিশ্রণকে পেলেটিং মেশিনের মাধ্যমে সুস্বাদু প্যালেট আকারে তৈরি করা হয়।

## প্রযুক্তির বিবরণ

- প্যালেট তৈরিতে ৪০% রাফেজ (ধানের খড়) এবং ৬০% দানাদার মিশ্রণ ব্যবহার করা হয়
- রাইস পোলিশ ৫০%, ভুট্টা ভাঙ্গা ১৬%, সয়াবিন মিল্ক ২০%, মোলাসেস ১০%, লবণ ২%, ডিসিপি ১%, ভিটামিন-মিনারেল প্রিমিক্স ০.৫%, প্যালেট বাইন্ডার ০.৫% দ্বারা দানাদার মিশ্রণ প্রস্তুত করতে হবে
- ধানের খড় ১-৫ মিলি আকারে গুড়া করে দানাদার মিশ্রণের সাথে মিশ্রিত করে প্রয়োজনীয় পরিমাণে পানি (৫০:৫০) যোগ করে ভালভাবে মিশ্রিত করতে হবে। এই মিশ্রণ প্যালেট তৈরির মেশিনে দিলেই প্যালেট আকারে বের হবে।
- এই প্যালেট তৈরিতে দেশীয় পদ্ধতিতে তৈরি বা স্বয়ংক্রিয় প্যালেট তৈরির মেশিন ব্যবহার করা যেতে পারে
- এরপরে আর্দ্র প্যালেটগুলি রৌদ্রে শুকিয়ে ছাগল/ভেড়াকে খাওয়ানোর জন্য সংরক্ষণ করতে হবে। শুকানোর পর প্যালেটে শুষ্ক পদার্থ থাকবে প্রায় ৯০ ভাগ
- ছাগল/ভেড়াকে সম্পূর্ণ প্যালেট ফিড প্রতিদিন দু'বার (সকাল ৯ টা এবং বিকাল ৪ টা) পর্যাপ্ত পরিমাণে সরবরাহ করতে হবে।
- শুকনো প্যালেট ০৪ মাস পর্যন্ত গুণগতমান অক্ষুন্ন রেখে সংরক্ষণ করা যায়

## প্রযুক্তির উপযোগিতা

বছরের যে কোন সময় এই প্রযুক্তিটি ব্যবহার উপযোগী

## প্রযুক্তির আর্থিক সুবিধা এবং জীবনমান উন্নয়নে ভূমিকা

- প্যালেট ফিড ছাগল/ভেড়ার খাদ্য রূপান্তরের দক্ষতা বাড়ায় এবং ঘাসের অপ্রতুলতার বিকল্প হিসেবে ব্যবহার করা যায়
- গবেষণায় দেখা গেছে কমপ্লিট প্যালেট ফিড খাওয়ানোর ফলে দৈনিক ওজন বৃদ্ধি ছাগলে ৫২.৪৬ ও ভেড়ায় ১০০.৬৭ গ্রাম পর্যন্ত হয় যা প্রচলিত পদ্ধতিতে ১৭.৭৬ এবং ২২.৪২ গ্রাম হয়
- প্যালেট ফিড দ্বারা ছাগলের প্রতি কেজি ওজন বৃদ্ধিতে খরচ হয় ১২৪.২২ টাকা যেখানে বিদ্যমান পদ্ধতিতে খরচ হয় ২১৪.৭৪ টাকা
- ছাগলের জন্য প্যালেট ফিড ব্যবহারে প্রচলিতভাবে খাওয়ানো তুলনায় যথেষ্ট কম এফসিআর ৫.৭ (৮.৩২) বেশি বিসিআর ১.৯৩ (১.১৬) পাওয়া যায়
- যদিও ভেড়ার ক্ষেত্রে, প্যালেট ফিড ও প্রচলিতভাবে খাওয়ানোর এফসিআর এবং বিসিআর কোনও পার্থক্য লক্ষ্য করা যায়নি তবে ছাগল ও ভেড়া উভয় ক্ষেত্রেই প্যালেট খাওয়ানোর ফলে স্বাস্থ্যগত কোন সমস্যা পরিলক্ষিত হয় না।
- নিবিড়/স্টল ফীডিং পদ্ধতিতে বাণিজ্যিক ছাগল ও ভেড়া উৎপাদনের জন্য সম্পূর্ণ প্যালেট ফিড বিকল্প খাদ্য হতে পারে। যা বানিজ্যিক ছাগল ও ভেড়া উৎপাদন ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে

## প্রযুক্তির উদ্ভাবক

**ড. ছাদেক আহমেদ**
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

## গবেষণা সহযোগী

**রেজাউল হাই রাকিব**
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা

**মো: আবু হেমায়েত**
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা

**সার্বিক তত্ত্বাবধানে**

**ড. মোঃ আবদুল জলিল**
মহাপরিচালক
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

**প্রযুক্তির প্রাপ্যতা ও যোগাযোগ**
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১
ফোন: ০২-২২৪৪৯১৬৭৬
ই-মেইল: dg@blri.gov.bd

বিএলআরআই প্রকাশনা নং-৩২৪
প্রথম সংস্করণ: ২৫০০ কপি
প্রকাশকাল : অক্টোবর, ২০২১

**প্রকাশনায়ঃ**
প্রকল্প পরিচালক, ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা প্রকল্প
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১।
ই-মেইল: sadek.ahmed@blri.gov.bd
ফোন : +৮৮ ০২২২৪৪২৬০৪৬

বিএলআরআই কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত।



